

🗏 আল-বালাদ | Al-Balad | ٱلْبَلَد

আয়াতঃ ৯০: ১৪

আরবি মূল আয়াত:

اَو اِطعمٌ فِي يَومٍ ذِي مَسغَبَةٍ ﴿١٢﴾

🗚 অনুবাদসমূহ:

অথবা খাদ্য দান করা দুর্ভিক্ষের দিনে। — আল-বায়ান অথবা দুর্ভিক্ষের দিনে খাদ্য দান — তাইসিরুল অথবা দুর্ভিক্ষের সময় আহার্য দান — মুজিবুর রহমান

Or feeding on a day of severe hunger — Sahih International

১৪. অথবা দুর্ভিক্ষের দিনে খাদ্যদান(১)—

(১) দ্বিতীয় সৎকর্ম হচ্ছে ক্ষুধার্তকে অন্নদান। যে কাউকে অন্নদান করলে তা আরও বিরাট সওয়াবের কাজ হয়ে যায়। তাই বলা হয়েছে, বিশেষভাবে যদি আত্মীয় ইয়াতীমকে অন্নদান করা হয়, তবে তাতে দ্বিগুণ সওয়াব হয়। (এক) ক্ষুধার্তের ক্ষুধা দূর করার সওয়াব এবং (দুই) আত্মীয়ের সাথে সম্পর্ক বজায় রাখা ও তার হক আদায় করার সওয়াব। জাবের ইবনে আবদুল্লাহ বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "কোন মুসলিম ক্ষুধার্তকে অন্নদান ক্ষমাকে অবশ্যম্ভাবী করে"। [মুস্তাদরাকে হাকিম: ২/৫২৪]

তাফসীরে জাকারিয়া

১৪। অথবা ক্ষুধার দিনে অন্নদান।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6037

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন